# ফেসবুকে ‘চুদলিং পং’ কমেন্টকে কেন্দ্র করে রূপগঞ্জে সংঘর্ষে গুলিবিদ্ধসহ আহত ৫



সংগৃহীত ছবি

রূপগঞ্জের রসুলপুর এলাকায় একটি ফেসবুক পোস্টে “চুদলিং পং” লেখা মন্তব্যকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরে দেশীয় অস্ত্র ও পিস্তল নিয়ে সংঘর্ষ হয়। ভাঙচুর হয় কয়েকটি বাড়ি, গুলিবিদ্ধসহ পাঁচজন আহত হন। পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার তারাব পৌরসভার রসুলপুর এলাকায় রবিবার রাত ১১টার দিকে মানবাধিকার কমিশনের রূপগঞ্জ শাখার নতুন সদস্য সাকিবুল হাসান নিজের ফেসবুক আইডিতে বিষয়টি জানিয়ে একটি পোস্ট করেন। সেই পোস্টে স্থানীয় যুবক ও ছাত্রদলের সাবেক নেতা মাহিম মিরাজ “চুদলিং পং” লিখে মন্তব্য করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

মন্তব্য নিয়ে প্রথমে সাকিবুল ও মাহিমের মধ্যে বাগবিতণ্ডা হয়। পরে উভয়পক্ষের লোকজন দেশীয় অস্ত্র ও আগ্নেয়াস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। অভিযোগ অনুযায়ী, মাহিমের নেতৃত্বে সাকিবুলের বাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাট করা হয়। এসময় সাবেক যুবলীগ নেতা শহিদুল ইসলাম ওরফে ‘ডাকাত শহিদুল’ মাহিমদের পক্ষে যোগ দিলে গুলিবিদ্ধ হন। তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। মোট পাঁচজন আহত হন।

LENS ASIA

সাকিবুল বলেন, “আপত্তিকর ‘চুদলিং পং’ মন্তব্যের প্রতিবাদ করায় মাহিম তার লোকজন নিয়ে আমার বাড়িতে হামলা চালায়। শহিদুল গুলি করতে গিয়ে নিজেই গুলিবিদ্ধ হয়। আমরা এ ঘটনার বিচার চাই।”

রূপগঞ্জ থানার ওসি তারিকুল ইসলাম জানান ফেসবুকে মন্তব্য নিয়ে সংঘর্ষের ঘটনায় পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। দুই পক্ষের কয়েকজন আহত হয়েছেন; আইনগত ব্যবস্থা নেওয়া হবে।